



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(Khulna University of Engineering & Technology)

ভর্তি নির্দেশিকা

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি
শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮

১। উপক্রমিকাঃ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে বিভিন্ন বিভাগে নির্ধারিত সংখ্যক আসনে শিক্ষার্থী ভর্তির জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় কেবলমাত্র প্রার্থীর মেধাস্থান এবং নিজস্ব পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ করা হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

২। আসন সংখ্যাঃ

সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদসমূহে ১৪টি বিভাগে সর্বমোট ১০০৫টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। সকল ইঞ্জিনিয়ারিং কোর্সে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী যার মধ্যে ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ হতে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়। এছাড়া আরবান এন্ড রিজিওনাল প্লানিং-এ ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী এবং আর্কিটেকচারে ৫ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। ১০০৫টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫টি (ক্ষুদ্র-নু-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য)। প্রত্যেক বিভাগের জন্য একটি কোড নির্ধারণ করা রয়েছে। নিম্নের ছকে অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন উল্লেখ করা হলো।

ক্রঃ নং	বিভাগ/বিষয়	কোড	আসন সংখ্যা
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ			
১	সিভিল ইঞ্জিনিয়ারিং (Civil Engineering)	CE	১২০
২	বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (Building Engineering and Construction Management)	BECM	৬০
৩	আরবান এন্ড রিজিওনাল প্লানিং (Urban and Regional Planning)	URP	৬০
৪	আর্কিটেকচার (Architecture)	Arch	৪০
ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ			
১	ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (Electrical and Electronic Engineering)	EEE	১২০
২	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (Computer Science and Engineering)	CSE	১২০
৩	ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (Electronics and Communication Engineering)	ECE	৬০
৪	বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (Bio-Medical Engineering)	BME	৩০
৫	ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (Materials Science and Engineering)	MSE	৬০
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ			
১	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (Mechanical Engineering)	ME	১২০
২	ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (Industrial and Production Engineering)	IPE	৬০
৩	লেদার ইঞ্জিনিয়ারিং (Leather Engineering)	LE	৬০
৪	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering)	TE	৬০
৫	এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (Energy Science and Engineering)	ESE	৩০

